UNICORN
COMPUTER & PRINTER REPAIRING
যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয় কার্টিজ রিফিল করা হয়।
Mob. : 9734300733
অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn. No.- Brs/135/2020-2022 ❑ Vol. 08 ❑ Issue 01 ❑ 21 Mar., 2024 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 3

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

# নিঃশর্ত নাগরিকত্বের দাবিতে উত্তাল

## নিঃশর্ত নাগরিকত্বের দাবিতে টায়ার জ্বালিয়ে অবরোধ, বিক্ষোভ গাইঘাটা, বনগাঁয়

প্রতিনিধি ঃ 'সিএএ বিজ্ঞপ্তি জারি হওয়ার পর থেকেই অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের পক্ষ থেকে এই আইনের বিরোধিতা করে আসছিল। গত শুক্রবার মতুয়া মহাসঙ্গের সংঘাধিপতি মমতা বালা ঠাকুর মতুয়াদের সঙ্গে নিয়ে গাইঘাটায় প্রতিবাদ মিছিলের পর ফের শনিবার দুপুরে থেকে গাইঘাটা, বনগাঁয় বিক্ষোভ অবরোধ প্রতিবাদ মিছিলে সামিল হলো মতুয়া ভক্তরা।

এদিন বেলা বারোটা নাগাদ গাইঘাটা থানার সামনে টায়ার জালিয়ে বিক্ষোভ অবরোধে সামিল হন মতুয়া ভক্তরা। যশোর রোড অবরোধ করে। টায়ার জালিয়ে রাস্তার উপর শুয়ে বিক্ষোভ দেখান তারা। বিক্ষোভকারীরা জানিয়েছেন, তারা শান্তি হরি গুরুচাঁদ মতুয়া ফাউন্ডেশন এর পক্ষ থেকে এই অবরোধ করেছে নিঃশর্ত নাগরিকত্বের দাবীতে। তারা লাগাতার আন্দোলন চালিয়ে যাবে। গাইঘাটা থানার সামনে এই অবরোধের কারণে তীব্র যানজট সৃষ্টি হয়। প্রায় আধাঘন্টা অবরোধ চলার পর গাইঘাটা থানার পুলিশ এসে কথা বললে অবরোধ উঠে যায়।

এদিন বিকেলে বনগাঁ শহরের ১ নম্বর রেলগেট লাগোয়া যশোর রোডে ফের রাস্তা অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখাতে থাকে মতুয়া ভক্তরা। প্রায় এক ঘন্টা রাস্তা অবরোধ করে। মতুয়া ভক্ত সুকেশ বিশ্বাস, সঞ্জয় বাইনরা বলেন, 'বিজেপির নেতারা মুখে এক বলছে, কাজে এক করছে। সিএএ নিয়ে দীর্ঘদিনের আন্দোলন আমাদের। অবশেষে কেন্দ্র সরকার সিএএ লাগু করেছে, তবে তা শর্তসাপেক্ষ। সিএএ আবেদন করতে কেন লাগবে কাগজপত্র? আমরা তো চেয়েছিলাম নিঃশর্ত নাগরিকত্ব। যতদিন তা না হবে আমরা আন্দোলন চালিয়ে যাব।

## সিএএ নিয়ে উস্কানিমূলক আচরণের অভিযোগ মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে

প্রতিনিধি ঃ দিন কয়েক আগে কেন্দ্রের পক্ষ থেকে সিএএ; সংশোধিত নাগরিকত্ব আইন কার্যকর করার বিষয়ে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। সিএএ নিয়ে বিজ্ঞপ্তি জারির পর থেকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় থেকে শুরু করে নিচু তলার তৃণমূল নেতাকর্মীরা এই আইনের কড়া সমালোচনা শুরু করেছেন। তৃণমূল নেতৃত্বের দাবি। এই আইনে মতুয়া কিংবা উদ্বাস্তুরা যদি নাগরিকত্বের আবেদন করেন, তাহলে তাদের বেনাগরিক হয়ে যেতে হবে। অনুপ্রবেশকারী হিসেবে তারা চিহ্নিত হবেন। এই প্রেক্ষিতে এবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ করলেন বাগদার চুয়াটিয়া গ্রামের বাসিন্দা গোপাল গয়ালী।

তৃতীয় পাতায়...

## সিএএ নিয়ে মতুয়াদের বোঝাতে লিফলেট বিলি করব ঃ মমতা ঠাকুর

প্রতিনিধি ঃ মুখ্যমন্ত্রীর সুস্থ কামনায় হরি গুরুচাঁদ ঠাকুর মন্দিরে পুজো দিয়ে ফের সিএএ নিয়ে করা সমালোচনা করলেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ তথা অল ইন্ডিয়া মতুয়া মহা সংঘের সংঙ্ঘাধিপতি মমতা ঠাকুর।

দিন কয়েক আগে মাথায় গুরুতর আঘাত পেয়ে জখম হয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বর্তমানে তার শারীরিক অবস্থা স্থিতশীল। এবার মুখ্যমন্ত্রীর দ্রুত সুস্থতা কামনায় ঠাকুরনগর ঠাকুরবাড়িতে হরিচাঁদ গুরুচাঁদ মন্দিরে পুজো দিলেন রাজ্য সভার তৃণমূল সাংসদ মমতা ঠাকুর। রবিবার সকালে মমতা ঠাকুরের সঙ্গে পুজো দিতে হাজির হয়েছিলেন তৃণমূলের নেতাকর্মী সহ অনুগামীরা। পুজো শেষে মন্দিরে বসে হাত জোড় করে বেশ কিছু সময় ঠাকুরের কাছে প্রার্থনাও করেন। মমতা ঠাকুর বলেন, 'মুখ্যমন্ত্রী কপালে আঘাত পেয়ে অসুস্থ। উনি দ্রুত সুস্থ হয়ে উঠুন, ঠাকুরের কাছে সেই প্রার্থনা করি। পাশাপশি বনগাঁ লোকসভা যাতে আমরা পুনরুদ্ধার করতে পারি তার প্রার্থনা করলাম কারণ।'

এরপরই সিএএ নিয়ে ফের বিজেপি ও কেন্দ্র সরকারের সমালোচনা করেন মমতা ঠাকুর। তিনি বলেন, 'মানুষ বুঝতে পারছে সিএএ ললিপপ। তারা কেন বিজেপিকে ভোট দেবে। আগামী দিনে অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের পক্ষ থেকে বাড়ি বাড়ি গিয়ে সিএএ নিয়ে মতুয়াদের বোঝাতে লিফলেট বিলি করব। বলবো বিজেপি

তৃতীয় পাতায়...

ঋতু মেঘা হোটেল এবং রেস্টুরেন্ট
আবাসিক।। শীততাপ (AC) নিয়ন্ত্রিত।
এখানে চাইনিজ ফুড সহ বিভিন্ন খাবারের ব্যবস্থা রয়েছে।
২৪ ঘন্টাই খোলা

চাঁদপাড়া দেবীপুরস্থিত যশোর রোড সংলগ্ন কৃষি মান্ডির পাশে।
চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ভারত।
Shifting Time সকাল ১০টা থেকে পরের দিন সকাল ১০টা।
যোগাযোগ: 9332224120, 6295316907, 8158065679

## চাঁদপাড়ায় অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের ছাত্র-যুব সম্মেলন

নীরেশ ভৌমিক ঃ রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের অনুগামী ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এর চাঁদপাড়া শাখার উদ্যোগে ছাত্র-যুব সম্মেলন হল প্রমুখ। শাখা সম্পাদক অংকন দাস উপস্থিত সকলকে স্বাগত জানান। ভারতবর্ষকে বিশ্বের সেরা দেশ হিসেবে গড়ে তুলতে ছাত্র-যুবদের এগিয়ে আসার



চাঁদপাড়ার ঢাকুরিয়া পল্লীবান্ধব সমাজ মিলন কেন্দ্রে। শাখা সম্পাদক অংকন দাসের আহ্বানে বিভিন্ন এলাকা থেকে সংগঠনের সদস্য ও অনুগামীগন সম্মেলনে অংশগ্রহণ করেন। মন্ত্রোচ্চারণ, মঙ্গলদীপ প্রোজ্জলন ও 'ভারত মাতা', দেবী সরস্বতী ও যুগনায়ক স্বামী বিবেকানন্দের প্রতিকৃতিতে ফুল-মালা অর্পনের মধ্য দিয়ে সম্মেলনের সূচনা হয়।

সম্মেলনে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রধান শিক্ষক মনতোষ মজুমদার, শিক্ষক ও স্থানীয় বিজেপি নেতৃত্ব প্রশান্ত রায়, পার্থ বিশ্বাস, অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক দীপক মজুমদার, আরএসএস এর প্রতিনিধি প্রণয় ঘোষ আহ্বান জানান, দীপকবাবু উপস্থিত ছাত্র-যুবদের সমাজের উন্নয়নের নিঃস্বার্থভাবে কাজ করার এবং সেই সঙ্গে ধর্মীয় কারণে প্রতিবেশি কয়েকটি দেশ থেকে এদেশে আসা ছিন্নমূল উদ্বাস্তদের সমর্থনে করা নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ)কে সমর্থন জানানোর আহ্বান জানান। আরএসএস এর প্রতিনিধি প্রণয় ঘোষ জানান, দেশের যুব সমাজকে দেশ ও জাতির সার্বিক উন্নয়নে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ১৯২৫ সালে আরএসএস গঠিত হয়। তিনি সমবেত ছাত্র-যুব সমাজকে নিয়মিত শরীর চর্চা ও নিপীড়িত, অসহায় মানুষজনকে সেবা করার আহ্বান জানান।

## তথাগত রায়ের বিরুদ্ধে অভিযোগ মমতা ঠাকুরের

প্রতিনিধি ঃ প্রাক্তন বিজেপির রাজ্য সভাপতি তথাগত রায়ের বিরুদ্ধে উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা থানায় লিখিত অভিযোগ করলেন তৃণমূলের রাজ্য সভার সাংসদ মমতা ঠাকুর। মঙ্গলবার তিনি ওই অভিযোগ করেন। পুলিশ জানিয়েছে, মামলা রুজু করে অভিযোগের তদন্ত শুরু করা হয়েছে।

মমতার দাবি, দিন কয়েক আগে তথাগত রায় তাঁর এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে ট্যাগ করে মন্তব্য করেছিলেন, নাগরিকত্ব দেওয়ার আগে পুরুষদের যৌনাঙ্গ পরীক্ষা করা হোক। ওই মন্তব্যের জেরে মতুয়া ও উদ্বাস্তু মানুষের একাংশের মধ্যে তীব্র ক্ষোভ তৈরি হয়েছে। দাবি উঠেছে, তথাগত রায়কে প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে।

চতুর্থ পাতায়...


Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805

ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৮ ❑ সংখ্যা ০১ ❑ ২১ মার্চ, ২০২৪ ❑ বৃহস্পতিবার

## যৌনাঙ্গ পরীক্ষা নয়, সিএএ-র সরলীকরণ হোক

চারিদিকে বেজে চলেছে ভোটের দামামা। বাংলার যুযুধান দুইপক্ষ- পশ্চিমবঙ্গের শাসকদল টিএমসি ও কেন্দ্রীয় সরকার অর্থাৎ বিজেপি। পরস্পর পরস্পরের কুৎসা রটনায় সদা ব্যস্ত। তার উপর সাম্প্রতিক সময়ের মুখরোচক বিষয় সিএএ। কেউ বলেছেন— নির্ভয়ে আবেদন করেন; আবার কেউ বলছেন— নথি না থাকলে স্বঘোষিত হলফনামার মাধ্যমে আবেদন করেন। এর মধ্যে কেউ আবার নির্বাচকদের প্রতি বড় নিদান দিলেন— 'যৌনাঙ্গ' পরীক্ষা করার! এ যেন হট্টমেলার খেলা! বিতর্কীত মন্তব্য! কেউবা রাস্তা অবরোধে ব্যস্ত! আবার কেউ বা টায়ার জ্বালাতে। আবার কেউ থানায় অভিযোগ জানাতে। এত কিছুর পরেও স্বরাষ্ট্র মন্ত্রক থেকে নতুন করে কোন নির্দেশ বা বিজ্ঞপ্তি দেওয়া হয়নি। রাজনৈতিক নেতৃবর্গ তো রাস্তায় মাইক হেকে নিজেদের মতামত ব্যক্ত করে নিজেকে সুবক্তা প্রমাণ করতে ব্যস্ত। কিন্তু এর মাঝে পড়ে সেই সব মানুষগুলো দিশেহারা, যারা ধর্মীয় নিপীড়নে হোক বা অত্যাচারে নিজের জন্মভূমি ছেড়ে ভারতবর্ষে আশ্রয় নিতে বাধ্য হয়েছিল। এদের সমাধান কোথায়? সত্যিই কী তাদের 'যৌনাঙ্গ' পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে! নিপীড়িত মানুষদের একটাই দাবি— নিঃশর্ত নাগরিকত্ব। মাননীয় প্রধামন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী কবে সেই নিদান দেবেন, সেদিকেই তাকিয়ে এই সমস্ত বিভ্রান্ত মানুষেরা।

## চিরন্তন জাতীয় নাট্য উৎসব ২০২৪

প্রতিনিধি ঃ মহাসমারোহে পালিত হলো অষ্টম চিরন্তন নাট্য উৎসব ২০২৪। বাংলার আদি প্রথা মেনে গর্বিতা দাসের দ্বীপ মন্ত্র উচ্চারণের মধ্যে দিয়ে প্রদীপ প্রজ্জ্বলন করা হয়। উপস্থিত ছিলেন সংস্কার ভারতী দক্ষিণবঙ্গ প্রান্তের সাধারণ সম্পাদক অমিতাভ মুখোপাধ্যায়। প্রফেসর নাট্যকার এবং অভিনেতা ডঃ অপূর্ব দে, সাংবাদিক পাঁচু গোপাল হাজরা এবং স্বপন কুমার দাস। উদ্বোধনী অনুষ্ঠান পর্বে ছিল জয়ন্ত বিশ্বাসের পরিচালনায় চিরন্তনের শিশু শিল্পী অদ্রীশ দাসের গৌড়ীয় নৃত্য।

চিরন্তন নাট্যোৎসবের প্রথম দিনের প্রথম নাটক বিষয়ের বিষ, ব্যারাকপুর নিহারিকা প্রযোজিত অসীম কর্মকারের নির্দেশনায় আলকাপ ঘরানার নাটক দর্শকমনে বেশ আনন্দ দিতে পেরেছে। এই দিনের দ্বিতীয় নাটক ছিল জম্মু-কাশ্মীর থেকে আগত লাকি গুপ্তার হাজার রজনী অতিক্রান্ত মা মুঝে টেগর বানা দে মিশ্রিত ভাষায় হলেও দর্শকের বুঝতে কোন অসুবিধা হয়নি। দ্বিতীয় দিনের প্রথম নাটক ছিল গোবরডাঙ্গা চিরন্তন এর নিজস্ব প্রযোজনা তথ্য নির্ভর রামায়ণ চর্চা নাটকটি রচনাকার দলের সম্পাদিকা সুতপা কর্মকার। সম্পাদনা ও নির্দেশনায় ছিলেন দলের প্রতিষ্ঠাতা পরিচালক অজয় দাস। এই নাটকে রামায়ণের কোন গতানুগতিক বিষয় দেখানো হয়নি। এই নাটক থেকে কোন ব্যক্তি নিজে বা সমাজের প্রয়োজনে এই রামায়ণ থেকে কি কি শিক্ষা পাওয়া যেতে পারে সেই বিষয়ের উপরে জোর দেওয়া হয়েছে এই গবেষণামূলক রচনাটিতে। দ্বিতীয় দিনের দ্বিতীয় অনুষ্ঠান ছিল বাংলার আদি এবং অকৃত্রিম গৌড়ীয় রীতি কলাশ্রম এর জয়ন্ত বিশ্বাসের গৌড়ীয় নৃত্য। এই দিনের তৃতীয় এবং শেষ অনুষ্ঠান মারগন কলেজ স্ট্রিট কোলকাতা প্রযোজনা আত্মারাম।


অষ্টম চিরন্তন নাট্যোৎসব তৃতীয় এবং শেষ দিনের প্রথম পর্বে ছিল সেমিনার বিষয়ে দা রোল অফ থিয়েটার ফর ফিউচার জেনারেশন বিশিষ্ট ব্যক্তিবর্গ। বক্তা ছিলেন আশিস চট্টোপাধ্যায়, প্রবীর ভট্টাচার্য, সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ এক্সিকিউটিভ মেম্বার তথা নিউজ প্রেজেন্টার আকাশবাণী মৈত্রী কোলকাতা। সেমিনারের সঞ্চালক ছিলেন দলের প্রতিষ্ঠাতা অভিনেতা পরিচালক অজয় দাস। গোবরডাঙ্গা শিল্পায়ন স্টুডিও থিয়েটারে তিনদিনের জাতীয় নাট্য উৎসবের শেষ মঞ্চায়ন ছিল গোবরডাঙ্গা শিল্পায়নের পূর্ণাঙ্গ নাটক পদ্মা নদীর মাঝি, যার নাট্যরূপ ও নির্দেশনায় ছিলেন আশিস চট্টোপাধ্যায়। এই তিন দিনের অনুষ্ঠানে প্রচুর দর্শক সমবেত হয় এবং যথেষ্ট আনন্দ উপভোগ করে বলে জানা যায়।

## আন্তর্জাতিক নৃত্য উৎসবে নৃত্য প্রদর্শন হাবড়ার সুজিতের

নীরেশ ভৌমিক ঃ পূর্ব মেদিনীপুর জেলার পুরাতন দীঘায় সম্প্রতি অনুষ্ঠিত হল ইন্টারন্যাশনাল দীঘা সী বীচ ডান্স ফেস্টিভ্যাল। স্থানীয় ওল্ড দীঘার বিশ্ববাংলা-২ ময়দানে নবধারার উদ্যোগে আয়োজিত নৃত্য উৎসবে স্বনামখ্যাত নৃত শিল্পীগণ অংশ গ্রহণ করেন। নবধারার কর্ণধার সমীর পণ্ডা এবং রুদ্র পণ্ডা ছাড়াও পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের সহযোগিতায় আয়োজিত উৎসবে নৃত্যও সংস্কৃতিপ্রেমী বহু মানুষ উপস্থিত হন।

## চাঁদপাড়া বাজার সমিতির সভাপতি নির্মল সাহা প্রয়াত

নীরেশ ভৌমিক ঃ গত ১৪ মার্চ মধ্যাহ্নে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন চাঁদপাড়া বাজার কমিটির দীর্ঘদিনের সভাপতি নির্মল কুমার সাহা (৮১)। চাঁদপাড়া বাজারের বাসিন্দা ও ব্যবসায়ী নির্মল বাবু এলেকায় মন্টু সাহা নামেই সুপরিচিত। প্রয়াত মন্টুবাবুর পুত্র মলয় সাহা জানান, বাবা বেশ কিছুদিন যাবৎ হার্টের অসুখে





ভুগছিলেন চিকিৎসা চলছিল। গত বৃহস্পতিবার হৃদরোগে আক্রান্ত হয়েই কলকাতার হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বাজার কমিটির সভাপতি নির্মলবাবুর মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়তেই বাজারের ব্যবসায়ীদের মধ্যে শোকের ছায়া নেমে আসে। প্রয়াত সভাপতির প্রতি শ্রদ্ধা জানাতে সোমবার বাজার বন্ধ থাকে।

## ডারউইনবাদ বর্তমানে পাঠ্যসূচির বাইরে



### অজয় মজুমদার

জীবনের উৎপত্তি হঠাৎ করে হয়নি। অসংখ্য জৈব রাসায়নিক পরিবর্তন ধীরে ধীরে সমন্বিত হয়ে প্রাণের উৎপত্তি ঘটেছে। এই উৎপত্তি বিষয়ক তত্ত্বের ওপর সর্বপ্রথম রাশিয়ান বিজ্ঞানী আলেকজান্ডার ওপারিন (১৯২৪) এবং পরবর্তীকালে স্কটিশ বিজ্ঞানী জে.বি.এস হ্যালডেন (১৯২৭) জীবনের উৎপত্তি সংক্রান্ত তাঁদের প্রকল্প বা মতবাদটি প্রচলন করেন। তাদের মতবাদটি 'জীবনের জৈব রাসায়নিক উৎপত্তি সংক্রান্ত প্রকল্প' নামেই জনসমক্ষে প্রচারিত। আর যে তথ্যের উপর ভিত্তি করে এই তত্ত্ব-- তা হল জৈব রসায়ন,



জীববিদ্যা ও ভৌগলিক তথ্যের উপর নির্ভরশীল। ১৯৩৬ সালে বিজ্ঞানী ওপারিন তাঁর বিখ্যাত 'দ্য অরিজিন অফ লাইফ' (The origin of life) নামক বইতে প্রকাশ করেন।

জীবনের উৎপত্তির পর থেকেই তার বিবর্তন বা অভিব্যক্তি ঘটে। আর সেজন্যই নানা রকমের উদ্ভিদ ও প্রাণীর সৃষ্টি হয়। প্রকৃতপক্ষে জীবজগতের পরস্পর পরস্পরের আত্মীয়। কারণ বিবর্তনের কোন শাখা বা প্রশাখা থেকে কার জন্ম একথা গবেষণা করেই বিজ্ঞানীরা সব বলতে পারেন'। আর এখানেই ডারউইনের মতবাদকে পৃথিবীর সব বিজ্ঞানীরাই স্বীকৃতি দিয়েছেন। এই তত্ত্বকে ভিত্তি করেই বিবর্তনবাদীরা গবেষণা করে এগিয়ে চলেছেন। এই রাস্তা যে সঠিক এ বিষয়ে সন্দেহের অবকাশ থাকার কথা নয়।

অভিব্যক্তিবাদ (Evolution Theory) পাঠ্য বই থেকে বাদ পড়ল। ডারউইনতত্ত্ব ফের সমালোচনায় বিদ্ধ। সব মিলিয়ে ২০০০ বিজ্ঞানী, শিক্ষাবিদ, সমাজ সচেতন মানুষ এই বিষয় নিয়ে খোলা চিঠি দিয়েছেন। সমালোচনার মুখে পড়ল ন্যাশনাল কাউন্সিল ফর এডুকেশন রিসার্চ এন্ড ট্রেনিং (এন.সি.ই.আর.টি)। তাদের বিজ্ঞানের পাঠ্যসূচি থেকে বাদ পড়ল চার্লস ডারউইনের (Charles Darwin) বিবর্তনবাদ। নবম ও দশম শ্রেণীর জীবন বিজ্ঞান বই থেকে ডারউইনের তত্ত্ব (Evolution Theory) বাদ পড়েছে। বিশেষজ্ঞেরা খোলা চিঠিতে তীব্র সমালোচনা করলেন। এই সমালোচনা পত্রে স্বাক্ষর করেছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স, টাটা ইনস্টিটিউট অফ ফান্ডামেন্টাল রিসার্চ এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি-র মতো ভারতের বিখ্যাত শিক্ষা প্রতিষ্ঠানগুলি। শিক্ষা মহলের দাবি, বিজ্ঞান বই থেকে বিবর্তনতত্ত্ব বাদ দেওয়ার অর্থ শিক্ষার নামে পড়ুয়াদের সঙ্গে প্রতারণা। বিজ্ঞান সম্পর্কে প্রাথমিক ধারণা তৈরি না হলে, শিক্ষার্থীদের ভাবনা চিন্তাই গড়ে উঠবে না। শুধু তাই নয়, নবম দশমের পর বিজ্ঞান বিভাগে পড়াশোনা এগিয়ে নিয়ে যান যারা, তারাও বিজ্ঞানের প্রাথমিক ধারণা থেকে বঞ্চিত থেকে যাবেন বলে উদ্বেগ প্রকাশ করেছেন বিজ্ঞানী ও শিক্ষাবিদরা। করোনা চলাকালীন অবস্থায় চাপ কমানোর জন্যই যদি এই সিদ্ধান্ত নেওয়া হয়, তাহলে এখন কেন আবার সেই পাঠ্যসূচী সংযুক্ত করা হবে না? এ নিয়ে অনেকেই প্রশ্ন তুলেছেন। পাঠ্যক্রম থেকে বাদ দেওয়া নিয়ে অনেকেই এটাকে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলেও মনে করেছেন। কারণ এর আগে ২০১৮ সালে কেন্দ্রীয় সরকারের মানবসম্পদ উন্নয়ন প্রতিমন্ত্রী সত্যপাল সিংহ ডারউইনের বিবর্তন তত্ত্বকে ভুল আখ্যা দিয়েছিলেন। তাঁর দাবি ছিল, স্বচক্ষে কখনো বাঁদরকে মানুষ হতে দেখেনি কেউ। ধরাধামে মানুষের আবির্ভাব হয় মানুষ হিসাবেই।

চলবে...

## সাড়ম্বরে অনুষ্ঠিত ইমন নাট্যমেলা ২০২৪

সংবাদদাতা ঃ ১৭ মার্চ সন্ধ্যায় মঙ্গলদীপ প্রোজ্জ্বলন ও সংস্থার সদস্যা অদ্বিতীয়া রায়ের গাওয়া উদ্বোধনী সংগীতের মধ্যে দিয়ে শুরু হয় মছলন্দপুর ইমন মাইম সেন্টার আয়োজিত ইমন নাট্যমেলা ২০২৪। সংস্থার সভানেত্রী দোলা রায়ের পৌরোহিত্যে এদিনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজকর্মী গোবিন্দলাল মজুমদার, রঙ ফাউন্ডেশনের সভাপতি সৌমিত্র বিশ্বাস, সাংস্কৃতিক সংগঠন মণীষার সভাপতি দেবব্রত বিশ্বাস। বিশিষ্ট কবি ও শিক্ষক সুবিদ আলি মোল্লা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব রজত দাস প্রমুখ। সংস্থার প্রাণপুরুষ বিশিষ্ট মূকাভিনেতা ধীরাজ হাওলাদার ও সংস্থার সম্পাদক জয়ন্ত বিশ্বাস উপস্থিত সকলকে স্বাগত জানান। সংস্থার সদস্যগণ উপস্থিত সকল বিশিষ্টজনদের পুষ্পস্তবক ও স্মারক উপহারে বরণ করে নেন। উদ্যোক্তারা এদিন প্রয়াত সাংবাদিক ও সাহিত্যিক রাসমোহন দত্ত স্মৃতি সম্মানে ভূষিত করেন বিশিষ্ট সাহিত্যিক ও সাংবাদিক নীরেশ ভৌমিক, বর্ষিয়ান সাংবাদিক সঞ্জিত সাহা ও বিশিষ্ট কবি ও সাংবাদিক পাঁচুগোপাল হাজরাকে। বিশেষ সম্মাননা জ্ঞাপন ও স্মারক সম্মান তুলে দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জানান প্রয়াত রাসমোহন দত্তের পুত্র অনুপম দত্ত ও ইমন এর জয়ন্ত বিশ্বাস। ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অর্থানুকুল্যে এদিন সংস্থার পদাতিক মঞ্চে শুরুতেই সৃজা হাওলাদারের পরিচালনায় নৃত্যনীড়ের নৃত্যশিল্পীগণ পরিবেশিত সমবেত নৃত্য এবং কৃষ্ণনগর চেনা আধুলি পরিবেশিত নাটক ব্যাখ্যা রে, কোচবিহার ছায়ানীড় পরিবেশিত মূকাভিনয়, এছাড়া ছন্দাবলী ও গোবরডাঙা নৃত্যালোক পরিবেশিত নৃত্যানুষ্ঠান এবং আয়োজক ইমন মাইম সেন্টার পরিবেশিত মূকাভিনয় সমবেত দর্শক মণ্ডলীর প্রশংসা লাভ করে।



# সার্থক চাঁদপাড়ার সুরবাণী উৎসব-২০২৪

নীরেশ ভৌমিক ঃ সকালে বর্ণাঢ্য শোভাযাত্রা, অপরাহ্নে মঙ্গলদীপ প্রজ্জ্বলন ও স্থানীয় প্লেয়ার্স এ্যাসোসিয়েশান ময়দানের সুসজ্জিত মঞ্চে সংস্থার সদস্যদের সমবেত কণ্ঠের উদ্বোধনী সংগীতের মধ্য দিয়ে গত ১৮ মার্চ মহাসমারোহে শুরু হয় নবম বার্ষিক সুরবাণী উৎসব।

ঢাকুরিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীগণ পরিবেশিত শিক্ষামূলক নির্বাক নাটক নির্জলা দর্শকমণ্ডলীর উচ্চসিত প্রশংসা লাভ করে। এদিন স্থানীয় পূরবী মেঘ সংস্থার নৃত্যশিল্পীগণের দর্শনীয় নৃত্যানুষ্ঠান এবং সংগীত শিল্পী দীপা দাসের কণ্ঠের সংগীতানুষ্ঠান দর্শক ও শ্রোতামণ্ডলীর মনোরঞ্জন করে। সবশেষে



দুদিন ব্যাপী আয়োজিত উৎসবে সংগীত শিক্ষার প্রতিষ্ঠান সুরবাণীর সংগীত শিক্ষিকা ও বিশিষ্ট সংগীত শিল্পী অনিন্দিতা সাহার পরিচালনায় সুরবাণীর ছোট-বড় শিক্ষার্থীগণ সংগীত পরিবেশন করেন। গৃহবধূদের সমবেত কণ্ঠে কবিগুরুর 'মায়াবন বিহারিণী হরিণী...' সংগীতটি উপস্থিত শ্রোতামণ্ডলীর প্রশংসা লাভ করে। প্রতিষ্ঠানের অন্যতম কর্ণধার সংস্কৃতিপ্রেমী তনয় সাহা জানান, সুস্থ সংস্কৃতি চর্চা ও প্রসারে এবং সুপ্ত প্রতিভার অন্বেষণে তাঁদের প্রতিষ্ঠান বিগত আট-নয় বৎসর যাবৎ কাজ করে চলেছে। সেই লক্ষ্যেই ছিল ছাত্র-ছাত্রীদের মধ্যে সংগীত ও অংকন প্রতিযোগিতা। উদ্বোধনী দিনে সংস্থার বালক ও কিশোর কিশোরীগণ পরিবেশিত আলিবাবা ও নৃত্যনাট্য চিত্রাঙ্গদা সমবেত দর্শকগণকে মুগ্ধ করে।

দ্বিতীয় দিন নৃত্যনাট্য বুদ্ধভুতুম ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বাংলা ব্যাণ্ড দোহার এর শিল্পীগণের মাটির গান সমবেত দর্শক সাধারণের হৃদয়কে স্পর্শ করে।

দুদিনের অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন বনগাঁর দুই বিধায়ক অশোক কীর্তনীয়া ও স্বপন মজুমদার; ছিলেন বনগাঁর প্রাক্তন কাউন্সিলর ও বিশিষ্ট সমাজকর্মী দীপ্তেন্দু বিকাশ বৈরাগী, গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাক্‌চি, জেলা পরিষদ সদস্যা শিপ্রা বিশ্বাস, চাঁদপাড়ার প্রধান দীপঙ্কর দাস, উপপ্রধান বৈশাখী বর, চাঁদপাড়া বাণী বিদ্যাবীথির প্রধান শিক্ষক রবিউল ইসলাম, অবসরপ্রাপ্ত শিক্ষক শান্তিপদ বিশ্বাস প্রমুখ।

সংগীত ও সংস্কৃতি প্রেমী অমিতাংশু সাহা ও বিকাশ মজুমদারের পরিচালনায় সমগ্র অনুষ্ঠান সার্থক হয়ে ওঠে।

# পূরবী মেঘ উৎসবে বহু মানুষের সমাগম

নীরেশ ভৌমিক ঃ গত ১৬ ও ১৭ মার্চ চাঁদপাড়ার মিলন সংঘ মাঠে মহা সমারোহে অনুষ্ঠিত হল চাঁদপাড়ার ঐতিহ্যবাহী নৃত্যশিক্ষার প্রতিষ্ঠান পূরবী মেঘ সাংস্কৃতিক সংস্থা আয়োজিত পূরবী মেঘ উৎসব ২০২৪।

১৬ মার্চ সন্ধ্যায় সুসজ্জিত মঞ্চে মঙ্গলদীপ প্রোজ্জ্বলনের মধ্য দিয়ে আয়োজিত অনুষ্ঠানের সূচনা হয়। মঞ্চে সংস্থার ছোট বড় নৃত্য শিক্ষার্থীগণ একক ও সমবেত নৃত্য পরিবেশন করে। মাঠ ভর্তি দর্শক ও উপস্থিত বিশিষ্টজনদের সাদর অভ্যর্থনা ও শুভেচ্ছা জ্ঞাপন করেন প্রতিষ্ঠানের প্রাণপুরুষ নৃত্য প্রশিক্ষক মৃন্ময় সাহা ও অরূপ সরকার। উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের অভিভাবক বর্ষিয়ান সংগীত শিল্পী শোভা নন্দী ও সংস্থার অংকন শিক্ষক প্রদীপ নন্দী। উদ্যোক্তারা এদিন গুণীজন সংবর্ধনায় কয়েকজন বিশিষ্ট ব্যক্তিত্ব, সমাজ কর্মী ও বিশিষ্ট শিক্ষককে মঞ্চ থেকে পুষ্প স্তবক ও স্মারক উপহারে সংবর্ধনা জ্ঞাপন করেন। বিশেষ সংবর্ধনা প্রদান করা হয় চাঁদপাড়ার অ্যাক্টো নাট্য সংস্থা ও দীঘা বিদ্যাসাগর সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধি সোমা চক্রবর্তী ও শ্যামলী গুহকে ঔদিনের সংবর্ধনা সভায় উপস্থিত জি বাংলা খ্যাত ছোট্ট হাম্পটির (আদর্শ) মজার অনুষ্ঠান সকলের দৃষ্টি আকর্ষণ করে।



দুদিন ব্যাপী আয়োজিত উৎসবে জি বাংলা খাত সংস্থার বিশিষ্ট নৃত্য শিল্পীগণের দর্শনীয় নৃত্যশৈলী সমবেত দর্শক সাধারনকে মুগ্ধ করে। এবারের উৎসবের অন্যতম আকর্ষন ছিল নৃত্যনাট্য, 'নৃসিংহ' অরূপ ও মৃন্ময় এর নির্দেশনায় পরিবেশিত গানের নাটক দর্শকমণ্ডলীর উচ্চসিত প্রশংসা লাভ করে। অকাল বর্ষণকে উপেক্ষা করে ড্রোনের নজরদারিতে অনুষ্ঠিত কয়েক হাজার নৃত্য ও সংস্কৃতিপ্রেমী মানুষ পূরবী মেঘ আয়োজিত বার্ষিক উৎসব বেশ উপভোগ করেন।

# পাট নির্মিত হস্তশিল্পের প্রশিক্ষণ গোবরডাঙ্গার সেবায়

নীরেশ ভৌমিক: পাট তন্তু ভিত্তিক হস্ত শিল্পের এক প্রশিক্ষণ শিবিরের সূচনা হলো গোবরডাঙ্গার সেবা ফার্মাস সমিতির নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে। কেন্দ্রীয় পাট এবং সহযোগী তন্তু অনুসন্ধান সংস্থা আইসিএআর ক্রাই জ্যাফ ব্যারাকপুরের নীলগঞ্জ পাট গবেষণা কেন্দ্রের সহযোগিতায় ও ইছামতি এফপিসির পরিচালনায় এই প্রশিক্ষণ শুরু হয় সেবা ফার্মাস সমিতির প্রশিক্ষণ কেন্দ্রে, প্রশিক্ষণ ও কর্মশালার উদ্বোধন করেন আইসিএআর ক্রাই জ্যাফ এর বিশিষ্ট বিজ্ঞানী ডঃ মানিক লাল রায়। উপস্থিত ছিলেন সেবা ফার্মাস সমিতির সভাপতি হিমাদ্রী গোমস্তা। ১০ দিনের এই প্রশিক্ষণ শিবিরে ১৫ জন মহিলা অংশগ্রহণ করেন।

## উস্কানিমূলক আচরণের অভিযোগ মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে

প্রথমপাতার পর...

শুক্রবার তিনি বাগদা থানায় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করে দাবি করেছেন, সিএএ নিয়ে মুখ্যমন্ত্রী উস্কানি দিচ্ছেন। সাম্প্রদায়িক উস্কানি দিচ্ছেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। কেন তিনি থানায় অভিযোগ দায়ের করলেন মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে? এ বিষয়ে গোপালবাবু বলেন, 'হাবরায় মুখ্যমন্ত্রী প্রশাসনিক সভা থেকে সিএএ নিয়ে মতুয়া উদ্বাস্তুদের উস্কানি দিয়েছেন। তিনি বলেছেন, আবেদন করলে সবাই বেনাগরিক হয়ে যাবেন। এটা ১০০% মিথ্যা কথা। উনি মুসলিমদের উদ্দেশ্যে বলেছেন, রমজান মাসটা শান্ত থাকুন। তারপর তাহলে কি তারা রমজান মাসের পরে দাঙ্গা করবেন। মুখ্যমন্ত্রী এসব কথায় বড়সড় গোলমাল এর আশঙ্কা থাকছে।'

গোপাল বাবুর পদক্ষেপকে সমর্থন করেছেন বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলা সভাপতি দেবদাস মন্ডল। তিনি বলেন, 'মুখ্যমন্ত্রী সংবিধান বিরোধী কথাবার্তা বলছেন। সকল মতুয়া ভক্তদের উচিত, সব থানায় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করা। এ বিষয়ে বনগাঁর তৃণমূল সাংগঠনিক জেলা সভাপতি বিশ্বজিৎ দাস বলেন, 'মতুয়ারা স্বতঃস্ফূর্তভাবে রাস্তায় নেমে আন্দোলন করছেন। তারা বুঝতে পেরেছেন, নাগরিকত্ব দেওয়ার নামে বিজেপি তাদের ভাওতা দিচ্ছে। এই চক্রান্ত মতুয়ারা ধরে ফেলেছে। মতুয়াদের আন্দোলনের সঙ্গে তৃণমূলের কোনো সম্পর্ক নেই।'

# মাইম একাডেমীর সাংস্কৃতিক কর্মশালা

নীরেশ ভৌমিক ঃ সম্প্রতি ঠাকুরনগর মাইম একাডেমী অফ কালচার আয়োজিত সপ্তাহ ব্যাপী সাংস্কৃতিক কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন সংস্থার সভাপতি প্রাক্তণ সাংসদ ড. অসীম বালা। কর্মশালা শেষে সংগীত শিল্পী ঝর্ণা মণ্ডলের কণ্ঠে উদ্বোধনী সংগীত পরিবেশনের মধ্য দিয়ে মঙ্গলদীপ প্রোজ্জ্বলন করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের সহধর্মিনী সোমা ঠাকুর। উৎসবের শুরুতে গৌড়ীয় নৃত্যানুষ্ঠান শেষে আয়োজন সংস্থা পরিবেশিত মুকাভিনয় 'সুন্দরবন ম্যান' ছিল বাপ্পা সাধুর আকর্ষনীয় ম্যাজিক শো। সবশেষে গোবরডাঙ্গা রবীন্দ্রনাট্য সংস্থা মঞ্চস্থ করে নাটক কংশবধ পালা। দ্বিতীয় দিন মধ্যাহ্নে 'থিয়েটার ও মাইম' শীর্ষক সেমিনার শেষে পরিবেশিত হয় নাটক মরণ মান্না। খড়দা থিয়েটার জোন মঞ্চস্থ করে মঞ্চ সফল নাটক বলি। ছিল স্থানীয় সন্ধ্যা- কুসুম কালচারাল একাডেমির শিল্পীদের সংগীতানুষ্ঠান। সবশেষে মুকাভিনয় পরিবেশন করে কোচ বিহার ছায়ানীড় ও ঠাকুরনগর থিয়েট্রিক্স এর বিশিষ্ট মুকাভিনেতা জগদীশ ঘরামী। উৎসবের শেষ দিন সেমিনার শেষে কর্মশালায়




অংশগ্রহণকারী প্রশিক্ষনার্থীগণকে শংসাপত্র প্রদান করা হয়। সন্ধ্যায় সংগীত পরিবেশন করেন বিশিষ্ট সংগীত শিল্পী ঝর্ণা মণ্ডল। চাঁদপাড়া অ্যাক্টো সংস্থা পরিবেশন কনে মনোজ মিত্র বিরচিত নাটক 'পাকে বিপাকে'। সবশেষে পরিবেশিত হয় আসাম থেকে আগত 'থার্ড থিয়েটার'এর আকর্ষনীয় মুকাভিনয়।

# মতুয়াদের বোঝাতে লিফলেট বিলি করব

প্রথমপাতার পর...

আপনাদের সিএএ দেবেনা। ভোটে আগে আপনাদের ব্যবহার করছে। ভোটের পর ফেলে দেবে।' এ বিষয়ে বনগাঁ সাংগঠনিক জেলা বিজেপি সভাপতি দেবদাস মন্ডল বলেন, 'কিছু মতুয়াকে ভুল বুঝিয়ে তৃণমূল পথে নামাচ্ছে। সিএএ নিঃশর্ত নাগরিকত্বের কথাই বলা হয়েছে। যারা আন্দোলন করছেন তারা নিজেদের ভুল বুঝতে পারবেন। তৃণমূল যতই চেষ্টা করুক, বাড়ি বাড়ি গিয়ে লিফলেট বিলি করুক মতুয়াদের সমর্থন আর পাবে না'।

GRAPHICS MART
GRAPHICS MART
LAPTRONICS-5
এখানে খুবই কম খরচে
Laptop এবং Desktop
Repairing করা হয়।
* সকল প্রকার Repairing এর উপর
থাকবে One Month (একমাসের ) গ্যারান্টি।
Mob. : 9836414449

দীর্ঘ ১৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন
সবিতা অ্যাড এজেন্সি
বিজ্ঞাপনী অডিও প্রচারের জন্য যোগাযোগ করুন...
M. 9474743020

মন ভরানো হাসির শর্ট
ফিল্মস্, ওয়েব সিরিজ
দেখার জন্য স্ক্যান করুন
আমাদের এই কোডে অথবা
ইউটিউবে সার্চ করুন
www.youtube.com/@monalisafilms5673
বিভিন্ন চরিত্রে অভিনয়ের জন্য সত্ত্বর
যোগাযোগ করুন— ৯৭৩৩০৮৭৬২৬
মোনালিসা ফিল্মস্ বনগাঁ

নিজ কারখানায় প্রস্তুত ৩০ বৎসরের ওয়ারেন্টি
যুক্ত কাঠের ফার্ণিচারের জন্য Mob. : 9733087626
মোনালিসা ফার্ণিচার



# রাজ্য প্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতায় সফলদের সংবর্ধনা জেলায়

নীরেশ ভৌমিক ঃ সম্প্রতি মুর্শিদাবাদ জেলার বহরমপুরে অনুষ্ঠিত প্রাথমিক বিদ্যালয় সমূহের রাজ্যস্তরের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সফল জেলার সফল প্রতিযোগী পড়ুয়াদের বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করল উত্তর ২৪ পরগণা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ কর্তৃপক্ষ।

গত ১৯ মার্চ সংসদ কার্যালয়ে সংসদ সভাপতি দেবব্রত সরকার সফল প্রতিযোগীগণকে পুষ্পস্তবক, মানপত্র ও আকর্ষনীয় পুরস্কারে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। গাইঘাটা পূর্বচক্রের ছেকাটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক প্রদীপ ভট্টাচার্য জানান, এদিন সভাপতি দেবব্রত বাবু ১০০ মিটার দৌড়ে তৃতীয় স্থানাধিকারী তাঁদের বিদালয়ে ছাত্র প্রান্ত দাসসহ রাজ্য প্রতিযোগিতায় সফল জেলার ৭জন পড়ুয়াকে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করেন।

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের এই মহতী উদ্যোগকে সকলেই সাধুবাদ জানান।

# তথাগত রায়ের বিরুদ্ধে অভিযোগ

**গত সপ্তাহের পর**

বুধবার গাইঘাটার ঠাকুরনগরে মতুয়া ঠাকুরবাড়িতে সাংবাদিক বৈঠক করে মমতা ঠাকুর বলেন, "তথাগত রায় তো শিক্ষিত সমাজের মানুষ। তাঁর মুখে এত নোংরা ভাষা আসে কোথা থেকে। বাঙালিদের তিনি আর কত নিচে নামাবেন! আমাদের ধিক্কার জানানোর ভাষা নেই। বিজেপির নেতাদের মুখ থেকেই এই নোংরা কথা বেরতে পারে। এটা বিজেপির কৃষ্টি, সংস্কৃতি।"

# সার্থক নাবিক নাট্যমের নাট্যমিলন উৎসব

প্রতিনিধি ঃ গোবরডাঙার পৌরটাউন হলে সম্প্রতি শুরু হয় নাটকের শহর গোবরডাঙার অন্যতম প্রাচীন নাট্যদল নবিক নাট্যম আয়োজিত প্রথম পর্যায়ের নাট্যমিলন উৎসব। উদ্বোধন করেন গোবরডাঙা পৌরসভার পূর্বতন ও বর্তমানে পৌর প্রধান ও শিক্ষক সুভাষ দত্ত ও শংকর দত্ত। অন্যান্যদের মধ্যে ছিলেন সংস্কৃতিপ্রেমী কাউন্সিলর বাসুদেব কুন্ডু, বর্ষিয়ান নাট্যব্যক্তিত্ব ও শ্যামল দত্ত, অধ্যাপক উমেশ অধিকারী, বিশিষ্ট মূকাভিনেতা ধীরাজ হাওলাদার ও বিশিষ্ট লেখক ও সাংবাদিক পাঁচুগোপাল হাজরা প্রমুখ। বিশিষ্টজনেরা তাঁদের বক্তব্যে নাবিক নাট্যম এর দীর্ঘ নাট্যচর্চার প্রয়াসকে সাধুবাদ জানান।

ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অর্থানুকুল্যে তিনটি পর্যায়ে আয়োজিত নাট্যোৎসবের সূচনায় এদিনের শিশু নাট্যোৎসবে ৪ খানি নাটক মঞ্চস্থ হয়। প্রথম নাটক আয়োজক সংস্থা নাবিক নাট্যম আয়োজিত কবি গুরুর ছোট গল্প অবলম্বনে সংস্থার নাট্যগুরু জীবন অধিকারী নির্দেশিত সাম্প্রদায়িক সম্প্রীতির নাটক মুসলমানীর গল্প দ্বিতীয় নাটক মছলন্দপুর ইমন মাইম পরিবেশিত সৃজা হাওলাদার নির্দেশিত শিশু কিশোর প্রযোজনা হিংসুটে দৈত্য, স্থানীয় রবীন্দ্র নাট্য সংস্থা প্রযোজিত মঞ্চসফল নাটক কংসবধ পালা ও গোবরডাঙা রঙ্গভূমি প্রযোজিত শিক্ষামূলক নাটক জাল উপস্থিত দর্শক সাধারনের প্রশংসা লাভ করে।

দ্বিতীয় পর্যায়ে সন্ধ্যায় গোবরডাঙা সংস্কৃতি কেন্দ্রে আয়োজক সংস্থা নাবিক প্রযোজিত জীবন অধিকারী নির্দেশিত সকলের ভালো লাগার নাটক লাঠি। এদিন ভাটপাড়া আরণ্যক মঞ্চস্থ করে 'কুহক তন্ত্র'। দ্বিতীয় দিন মঞ্চস্থ হয় নাবিকের মঞ্চসফল নাটক ছায়া ও গোবরডাঙা রূপান্তর এর নাটক আমি আগন্তুক। দ্বিতীয় পর্যায়ে অনুষ্ঠিত মছলন্দপুর ইমন মাইম সেন্টার প্রযোজিত দেশাত্মবোধক প্রযোজনা 'মেরা ভারত মহান' সমবেত দর্শক সাধারনের প্রশংসালাভ করে। ৯ মার্চ নাবিক এর নতুন নাটক দর্পন ও গোবরডাঙা শিল্পায়ন প্রযোজিত তারা প্রসন্নের কীর্তি ও গোবরডাঙা নাট্যায়ন প্রযোজিত রাস্তা নাটকটি দর্শকদের মনোরঞ্জন করে।

নাবিক নাট্যমের অন্যতম কর্নধার জীবন অধিকারী জানান আগামী ১৫ ও ১৬ মার্চ মছলন্দপুরের পদাতিক মঞ্চে নাট্যোৎসবের তৃতীয় পর্যায়ে ৬ টি নাটক মঞ্চস্থ হয়। নাবিক নাট্যম এর এই বৃহৎ নাট্যোৎসবকে ঘিরে এলেকার নাট্যামোদী ও সংস্কৃতি প্রেমী মানুষজনের মধ্যে বেশ উৎসাহ উদ্দীপনা চোখে পড়ে।

# সাড়ম্বরে শুরু হল ৩৭ তম শিল্পাঞ্জলী উৎসব

নীরেশ ভৌমিক ঃ গত ২১ মার্চ বিশ্ব পুতুল নাট্য দিবসের সন্ধ্যায় গোবরডাঙ্গার পৌর টাউন হলে বিশিষ্ট সংগীত শিল্পী কনিকা দাসের কণ্ঠে উদ্বোধনী সংগীত ও উপস্থিত বিশিষ্টজন কর্তৃক প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে মহাসমারোহে শুরু হয় খাঁটুরা শিল্পাঞ্জলী আয়োজিত ৩৭ তম বর্ষের শিল্পাঞ্জলী উৎসব-২০২৪। উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে ছিলেন নাট্য গবেষক অভীক ভট্টাচার্য, প্রধান শিক্ষক ড. অনুপম দে, সংস্কার ভারতীর প্রতিনিধি অমিত দে, পুতুল নাট্য গবেষক ড. অতসী নন্দ গোস্বামী ও ইন্দিরা বন্দ্যোপাধ্যায়। সকল বিশিষ্টজনদের উত্তরীয় ও স্মারক উপহারে বরণ করে নেন শিল্পাঞ্জলীর সদস্যগণ। আমন্ত্রিত সাংবাদিকগণকে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

স্বাগত ভাষণে শিল্পাঞ্জলীর সম্পাদক মলয় বিশ্বাস সকলকে অভিনন্দন জানিয়ে বিগত ৩৭ বৎসর যাবৎ শিল্পাঞ্জলীর নানাবিধ সাংস্কৃতিক কর্মকাণ্ডের খতিয়ান তুলে ধরেন। সংস্থার পুতুল নাট্যের কারিগর সোমা মজুমদার পুতুল নাট্যের ইতিবৃত্ত তুলে ধরে বক্তব্য রাখেন। বিশিষ্ট ব্যক্তিবর্গ তাঁদের বক্তব্যে সুস্থ সংস্কৃতির চর্চা ও প্রসারে খাঁটুরা শিল্পাঞ্জলীর নিরলস্ প্রয়াসকে সাধুবাদ জানান।




এদিন শুরুতেই সদস্যা শরণ্যা বিশ্বাসের কথাবলা পুতুলের অনুষ্ঠান উপস্থিত সকলের প্রশংসা লাভ করে। কর্মশালায় প্রস্তুত ঢাকুরিয়া উচ্চ বিদ্যালয়ের পড়ুয়াগণ পরিবেশিত পুতুল নাটক 'বন্ধুত্ব' সমবেত দর্শক সাধারণের প্রশংসা লাভ করে। নদীয়ার সীমা পুতুল নাট্য সমাজের প্রযোজিত মজার নাটক পুতুল নাট্য দর্শকদের মনোরঞ্জন করে। এছাড়া শিল্পাঞ্জলীর নৃত্য বিভাগের নৃত্য শিল্পীগণ পরিবেশিত নৃত্যের অনুষ্ঠান ও শিল্পাঞ্জলী প্রযোজিত পুতুল নাট্য 'মোহন' উপস্থিত দর্শক মণ্ডলীকে মুগ্ধ করে। শিল্পাঞ্জলীর অন্যতম কর্ণধার শঙ্খব্রত বিশ্বাস জানান, আগামী ৩০ ও ৩১ মার্চ গোবরডাঙ্গার শিল্পায়ন স্টুডিও থিয়েটারে শিল্পাঞ্জলীর উৎসবের পরবর্তী অনুষ্ঠানগুলি পরিবেশিত হবে।




সম্পর্ক গড়ে

## নিউ পি. সি. জুয়েলার্স

HALL MARK

হলমার্ক গহনা ও গ্রহরত্ন

১। আমাদের এখানে রয়েছে হাল্কা, ভারী আধুনিক ডিজাইনের গহনার বিপুল সম্ভার।
২। আমাদের মজুরী সবার থেকে কম। আপনি আপনার স্বপ্নের সাধের গহনা ক্রয় করতে পারবেন সামান্য মজুরীর বিনিময়ে।
৩। আমাদের নিজস্ব জুয়েলারী কারখানায় সুদক্ষ কারিগর দ্বারা অত্যাধুনিক ডিজাইনের গহনা প্রস্তুত ও সরবরাহ করা হয়।
৪। পুরানো সোনার পরিবর্তে হলমার্ক যুক্ত গহনা ক্রয়ের সুব্যবস্থা আছে।
৫। আমাদের এখানে পুরাতন সোনা ক্রয়ের ব্যবস্থা আছে। আধার কার্ড ও ব্যাঙ্ক ডিটেলস নিয়ে শোরুমে এসে যোগাযোগ করুন।
৬। আমাদের শোরুমে সব ধরণের আসল গ্রহরত্ন বিক্রয় করা হয় এবং জিয়োলজিক্যাল সার্ভে অব্ ইন্ডিয়া দ্বারা টেস্টিং কার্ড গ্রহরত্নের সঙ্গে সরবরাহ করা হয় এবং ব্যবহার করার পর ফেরত মূল্য পাওয়া যায়। হোলসেলেরও ব্যবস্থা আছে।
৭। সর্বধর্মের মানুষের জন্য নিউ পি সি জুয়েলার্স নিয়ে আসছে ২৫০০ টাকার মধ্যে সোনার জুয়েলারী ও ২০০ টাকার মধ্যে রূপার জুয়েলারী, যা দিয়ে আপনি আপনার আপনজনকে খুশি করতে পারবেন।
৮। প্রতিটি কেনাকাটার ওপর থাকছে নিউ পি সি অপটিক্যাল গিফ্ট ভাউচার।
৯। কলকাতার দরে সব ধরনের সোনার ও রূপার জুয়েলারী হোলসেল বিক্রয়ের ব্যবস্থা আছে।
১০। সোনার গহনা মানেই নিউ পি সি জুয়েলার্স।
১১। আমাদের এখানে বসছেন স্বনামধন্য জ্যোতিষী ওম প্রকাশ শর্মা, সপ্তাহে একদিন— বৃহস্পতিবার।
১২। নিউ পি সি জুয়েলার্স ফ্রান্সচাইজি নিতে আগ্রহীরা যোগাযোগ করুন। আমরা এক মাসের মধ্যে আপনার শোরুম শুরু করার সব রকম কাজ করে দেবো। যাদের জুয়েলারী সম্পর্কে অভিজ্ঞতা নেই, তারাও যোগাযোগ করুন। আমরা সবরকম সাহায্য করবো। শোরুমের জায়গার বিবরণ সহ আগ্রহীরা বর্তমানে কী কাজের সঙ্গে যুক্ত এবং আইটি ফাইলের তথ্যাদি নিয়ে যোগাযোগ করুন।
১৩। জুয়েলারী সংক্রান্ত ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন পুরুষ সেলসম্যান চাকুরীর জন্য Biodata ও সমস্ত প্রমাণপত্র সহ যোগাযোগ করুন দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে।
১৪। সিকিউরিটি সংক্রান্ত চাকুরীর জন্য পুরুষ ও মহিলা উভয়ে যোগাযোগ করুন। বন্দুক সহ ও খালি হাতে। সময় দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে।
১৫। অভিজ্ঞ কারিগররা কাজের জন্য যোগাযোগ করুন।
১৬। Employee ও কারিগরদের জন্য ESI ও PF এর ব্যবস্থা আছে।
১৭। অভিজ্ঞ জ্যোতিষিরা ডিগ্রী ও সমস্ত ধরণের Documents সহ যোগাযোগ করুন।
১৮। দেওয়াল লিখন ও হোর্ডিংয়ের জন্য আমাদের শোরুমে এসে যোগাযোগ করুন।
১৯। আমাদের সমস্ত শোরুম প্রতিদিন খোলা।
২০। Website : www.newpcjewellers.com
২১। e-mail : npcjewellers@gmail.com

| নিউ পি. সি. জুয়েলার্স | নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ | নিউ পি. সি. জুয়েলার্স বিউটি |
|---|---|---|
| বাটার মোড়, বনগাঁ | বাটার মোড়, বনগাঁ | মতিগঞ্জ, হাটখোলা, |
| (বনশ্রী সিনেমা হলের সামনে) | (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে) | বনগাঁ, উত্তর ২৪ পরগনা |

## এন পি.সি. অপটিক্যাল




১। বনগাঁতে নিয়ে এলো আধুনিক এবং উন্নত মানের সকল প্রকার চশমার ফ্রেম ও সমস্ত রকমের আধুনিক এবং উন্নত মানের পাওয়ার গ্লাসের বিপুল সম্ভার।
২। সমস্ত রকম কন্টাক্ট লেন্স-এর সুব্যবস্থা আছে।
৩। আধুনিক লেন্সোমিটার দ্বারা চশমার পাওয়ার চেকিং এবং প্রদানের সুব্যবস্থা আছে। এছাড়াও আমাদের চশমার ওপর লাইফটাইম ফ্রি সার্ভিসিং দেওয়া হয়।
৪। **চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার বাবুদের চেম্বার করার জন্য সমস্ত রকমের ব্যবস্থা আছে। যোগাযোগ করতে পারেন 8967028106 নম্বরে।**
৫। আমাদের এখানে চশমার ফ্রেম এবং সমস্ত রকমের পাওয়ার গ্লাস হোলসেল এর সুব্যবস্থা আছে।

**বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ**



নিজ কারখানায় প্রস্তুত ১২ বৎসরের ওয়ারেন্টি যুক্ত স্টীল ফার্ণিচারের জন্য যোগাযোগ করুন— Mob. : 9733087626

## টাইগার স্টীল ফার্ণিচার





Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at KUMAR PRESS at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9134228513 / 9647791986 / 8972800084
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in Sub- Editor- **Haridas Golder** Editor- **Utpal Mallick**